অবশেষে আকাশ-পাতাল কাঁপিয়ে রাত নয়টার কিছু পর হেলিকপ্টার এসে নামল। হুজুর এসে নামার পর তার নামের আগে-পরে নানা বিশেষণ লাগিয়ে স্লোগান দেওয়া শুরু হলো। পুরো এলাকা প্রকম্পিত হলো স্লোগানে। আন্দোলিত হলো পুরো এলাকা। বেশ কয়েকজন সাংবাদিককে ছুটতে দেখা গেল ক্যামেরা নিয়ে পেছন পেছন ছুটছে। হেলিকপ্টার হুজুর সাউদ কিং প্রিন্স মোহাম্মদ বিন সালমানবেশে আচকান উড়িয়ে, পাগড়ি দুলিয়ে, মঞ্চ কাঁপিয়ে রাজসিক প্রবেশ করল। সামনের স্লোগান আরও জোরালো হলো। স্লোগান আরও কিছু সময় চলতে দিয়ে হেলিকপ্টার হুজুর মুখটুখ মুছে, দাড়ি মোবারকে আঙুল সঞ্চালন শেষে সবাইকে দুই হাত দিয়ে থামার ইশারা দিলেন। ইমানি বলে বলীয়ান উত্তেজিত তৌহিদি মুসলিম জনতা আরও জোরে জোরে মারাত্মক মারাত্মক বিশেষণ লাগিয়ে স্লোগান দিয়েটিয়ে একসময় ক্লান্ত হয়ে থামল। একটা 'ইশপিশাল' কাপে তার জন্য চা আনা হলো। মুহতামিম শুরু থেকেই হেলিকপ্টার হুজুরের সঙ্গেসঙ্গেই আছে। এবার সঞ্চালক মাইক্রোফোন হাতে নিয়ে হুজুর আসায় দেরি নিয়ে সবার কাছে ক্ষমা চাইল। এরপর হুজুরের নাম ঘোষণা করল। ওয়াজের মাঠ এবার পুরোপুরি জমে উঠেছে। লোকসমাগম আরও বেশি হয়েছে ইতিমধ্যেই। হেলিকপ্টার হুজুরের ওয়াজের সঙ্গে সামনের মুসল্লিয়ানেকেরাম হু, হা, আলহামদুলিল্লাহ, সোবানাল্লা ইত্যাদি বলে ওয়াজে অংশগ্রহণ করতে লাগল।

মাহমুদ সন্ধ্যা থেকে জুয়েলকে ঝোলাচ্ছে। যতবারই জুয়েলকে বলেছে 'চল ছাদে যাই', ততবারই মাহমুদ বলেছে ওয়াজ আরও জমে উঠুক। সন্ধ্যা থেকে মাহমুদকে চোখে চোখে রেখেছে জুয়েল, আড়াল হতে দেয়নি। হেলিকপ্টারের মুখ দিয়ে যখন আগুন ঝরছে, তখন মাহমুদ নিজেই জুয়েলের হাতে চাপ দিয়ে ইশারা দিল। সঙ্গেসঙ্গে জুয়েল মাহমুদকে নিয়ে ছাদে রওনা দিল। মাদরাসার নতুন ভবন ওয়াজের মাঠ থেকে মিনিট তিনেকের হাঁটাপথ। মাইকের চিৎকারে পুরো এলাকা প্রকম্পিত। একশো-দেড়শো গজ পরপর মাইক বসানো রয়েছে। জুয়েল আর মাহমুদ দেখল আশপাশে কেউ নেই। মাহমুদও মনে হয় এমন একটা পরিবেশই চেয়েছিল। সিঁড়ি বেয়ে পানির ট্যাংকের কাছে যাওয়াটা অত সহজ নয়। সিঁড়িজুড়ে বের হয়ে থাকা রড, শ্যাটারিংয়ের বাঁশ, পেরেকওয়ালা কাঠ ইত্যাদি পার হয়ে ওরা উঠল ছাদে। সেখানেও চারটা মাইকের হর্ন লাগানো আছে। হেলিকপ্টার হুজুরের হুংকার আর মুসল্লিদের সমর্থনের চিৎকারে অন্য কোনো কিছু শোনার জো নেই। দুজনেই উঠছে আর উত্তেজনায় কাঁপছে। দুজনের দুই ধরনের উত্তেজনা। জুয়েলের দীর্ঘদিনের ইচ্ছা মাহমুদ তার 'ওইটা' মুখে নিক। ভিডিওতে এমন দেখেছে সে। মাহমুদ এত দিন রাজি ছিল না। সেদিন ভিডিও দেখানোর পর এখন তাকে যা বলা হয়, সে তাতেই রাজি হয়ে যায়। ওই দিনই অল্প একটু সময়ের জন্য নিয়েছিল। জুয়েলের বেশ লেগেছিল। কিন্তু সঙ্গে সঙ্গে বমি করে দিয়েছিল মাহমুদ। তারপর ওরা আর জোরাজুরি করেনি। দুজনেই লুঙ্গি পরে আছে। লুঙ্গি পরে এসব

কাজ করা ভালো। অপেক্ষাকৃত নিরাপদ থাকা যায়। লুঙ্গি খুলতে-পরতে কম সময় লাগে। ওরা ছাদের কিনারা ধরে পানির ট্যাংকের আড়ালে চলে এল। এসেই জুয়েল কাপড় তুলে মাহমুদকে বলল, 'ল, এইবার মুহে ল'। জুয়েল এবার যেকোনো সময়ের চেয়ে বেশি উত্তেজিত হয়ে আছে। মাহমুদ তার 'ওইটায়' হাত দিতেই বীর্যস্খলন হয়ে গেল জুয়েলের। দুজনেই হেসে ফেলল। তারপর আবার মাহমুদ নাড়াচাড়া দেওয়ার কিছু সময় পরই আবার শক্তপোক্ত হয়ে গেল। তখন জুয়েল বলল, 'ল এহন, ল'। মাহমুদ হাঁটু গেড়ে বসল জুয়েলের সামনে। তারপর মুখে নেওয়ার আগে বলল, 'আরেকটু ডাইনে আহো, রাস্তা দিয়া কেউ লাইট মারলে তোমার পিঠ দ্যাহা যাইব'। জুয়েল অনিচ্ছা সত্ত্বেও একটু ডানে চেপে যেতে যেতে বলল, 'আর যাওন যাইব না, তাইলে পইড়া যামু। এহন মুহে ল, নকরামি করিস না'। মাহমুদ তাকে অভয় দিয়ে বলল, 'আরে, কই পইড়া যাইবা? আমি ধরুম না?' জুয়েল দুইদিকে দুই পা হালকা ছড়িয়ে দিয়ে বলল, 'আয়'। মাহমুদের ভেতরটায় রাইসমিলের মতো ধক ধক করছে। সে জুয়েলের আরও কাছে এগিয়ে গিয়ে 'ওইটা' ধরার বদলে কোমরের বরাবর দুই হাত দিয়ে শরীরের সর্বশক্তি দিয়ে দিল এক ধাক্কা! জুয়েল আটকানোর কোনো সুযোগই পেল না। 'আঃ' -বলে একটা চিৎকার দিল তিনতলার ছাদ থেকে নিচে পড়তে পড়তে, যেখানে রয়েছে মাদরাসার নতুন রান্নাঘর করার প্রাথমিক ফাউন্ডেশন শেষ করা রড ওঠা পিলারের অংশ, ভাঙা ইট, পেরেক ওঠা তক্তা, বাঁশ ইত্যাদি। মাহমুদ জুয়েলকে এমন জায়গায় এনেছে, যাতে নিচে পড়া জুয়েলের বাঁচার কোনো সম্ভাবনাই না থাকে। মাইকের প্রচণ্ড আওয়াজে জুয়েলের চিৎকারে শব্দ সবচেয়ে নিকটবর্তী কারো কানেও পৌঁছাল না। মাহমুদ ধীরপায়ে নামতে লাগল। বুকের মধ্যে আগের চেয়েও বেশি ধক ধক করছে। যখন দোতলায়, তখন একটা লাইটের আলো চোখে পড়ল। কেউ রাস্তা দিয়ে লাইট মেরে যাচ্ছে। সে আবার ওপর-নিচ সব জায়গায় লাইট মারতে মারতে যাচ্ছে। মাহমুদ সুবিধামতো একটা পিলারের আড়ালে লুকিয়ে পড়ল। লাইট অনেক দূরে চলে যাওয়ার পর নেমে গিয়ে মাহফিলে ওদের মাদরাসার ছাত্রদের মধ্যে মিলিয়ে গেল।

চলছে ওয়াজ, চলছে হেলিকপ্টার হুজুরের জ্বালাময়ী বক্তব্য। এখন সে ওয়াজ করছে দ্বীনের নবীর দারিদ্র্য নিয়ে। দয়াল নবী একটা খুরমা খাইয়া দিনের পর দিন পার করছে ইত্যাদি ইত্যাদি। সব শেষে ওয়াজ শুরু করলে ইসলামে দানের মহিমা। দিনের খেদমতে কোন কোন খলিফা কী সর্বস্ব বিলিয়ে দিয়েছে, আল্লাহ্‌র ঘর মসজিদ নির্মাণে দানের সুফল, তিনশো তের সাহাবির কাহিনি এসব। এরপর সে বহু মুহতামিম আর নওশাদ চৌধুরীর বহু কাঙ্ক্ষিত বিষয়টি সামনে নিয়ে এল। সবাইকে হাত খুলে দান করতে বলা হলো নির্মিতব্য মসজিদ-মাদরাসার জন্য। শুরু হলো দান করার প্রতিযোগিতা। এলাকার মেম্বার প্রথম দিল এক লাখ টাকা। মাইকে তার নাম ঘোষণা করা হলো। কিন্তু কারও মাথায় প্রশ্ন এল না একজন ইউনিয়ন পরিষদের সাধারণ মেম্বার দান করার মতো এক লাখ টাকা কই পেল। দিনের খেদমতে সে একলাখ টাকা দান করেছে, এ-ই বড় কথা। কোত্থেকে সে টাকা আসছে, সেটা মোটেই বিবেচ্য বিষয় নয়। সর্ব নিম্ন যে এক হাজার টাকা দেবে, তার নামও মাইকে ঘোষণা করবে হেলিকপ্টার হুজুর। হেলিকপ্টার হুজুরের মুখে নিজের নাম শোনার লোভে অনেকেই

দান করল। সে নাম লিখে রাখছে নওশাদ চৌধুরীর ভাতিজা মোস্তাক। নগদ টাকা ছাড়াও কেউ দিচ্ছে সিমেন্ট কেনার প্রতিশ্রুতি, কেউবা রড দেবে, কেউ বালি। যত সময় যেতে লাগল, দান গ্রহণের তালিকা তত লম্বা হতে লাগল।
মাহফিল শেষ হতে হতে রাত বারোটা বেজে গেল। হেলিকপ্টার হুজুরের কাল পাশের থানায় মাহফিল আছে বলে সে আজ কমিটির সভাপতির বাড়িতে থেকে যাবে। ফজরের নামাজ শেষ করেই চলে যাবে। একথা শুনে নওশাদ চৌধুরী আকাশের চাঁদ হাতে পেল। এতে করে নওশাদ চৌধুরীর মান-ইজ্জত-সম্মানের মুকুটে আরেকটি পালক যুক্ত হলো। ওয়াজ মাহফিলের ফাঁকে গিয়ে মুহতামিম যখন নওশাদ চৌধুরীকে কথাটা বলল, তখন নওশাদ চৌধুরী খুশিতে মুহতামিমকে জড়িয়ে ধরে চকাস করে একটা চুমা দিয়ে বসল। মুহতামিম কেমন যেন একটু কেঁপে উঠল। হেলিকপ্টারের জন্য 'ইশপিশাল' রান্না হয়েছে আগেই। একটা খাসি জবেহ হয়েছে, খাঁটি গাওয়া ঘি দিয়ে কালিজিরার পোলাও, পুকুরের কাতল মাছ, এমন নানা কিছু। হেলিকপ্টারের সেক্রেটারি হাফেজ মাওলানা সোহেলের কানে কানে বলল, 'সোহেল ভাই, সারাদিন আমার খাটাখাটনি কম যায় না। শরীলডা ম্যাজম্যাজ করতাসে, হাত-পা বিষ করতাছে, ভাই। 'ইশপিশাল' সেবাযত্নের জন্য একটা ছাত্র দেওয়া যায়?' সেক্রেটারি যখন এই মাদরাসায় পড়ত, তখন সোহেল মাওলানা ছিল তার সিনিয়র ছাত্র ভাই। সোহেল তাকে নিশ্চিত করে বলল, 'একজন না, যে কয়জন দরকার, দেব। চিন্তার কোনো কারণ নাই। তোমার ওস্তাদেরও লাগবে?' এর জবাবে সেক্রেটারি 'ছি! ছি!' বলে জিভ কাটল। সোহেল তার চোখে সবচেয়ে সুন্দর, সুশ্রী, ফরসা স্বাস্থ্যবান ছাত্র টগরকে ব্যবস্থা করে রাখল।
সকাল আটটার দিকে রাজমিস্ত্রি আবদুল হাকিম তার হেলপার বাদলকে পাঠাল নির্মিতব্য নতুন রান্নাঘরের পাশ থেকে রড বাঁকা করার যন্ত্র আনতে। সেখানে এসেই বাদল 'খুন খুন লাশ লাশ' বলে চিৎকার করতে লাগল। সঙ্গে সঙ্গে সেখানে দৌড়ে এল আরও কয়েকজন রাজমিস্ত্রি। গিয়ে দেখে কেউ একজন উপুড় হয়ে মরে পড়ে আছে। তার পিঠ থেকে বেরিয়ে এসেছে একটা রড। সেখান থেকে রক্ত পড়ে জমাট বেঁধে গেছে। তাতে ভনভন করে মাছি উড়ছে। এর মধ্যেই মাদরাসার ছাত্ররাও ছুটে এসেছে। এসেছে মাদরাসার শিক্ষক আবু বক্কর। এসে দেখল নিহত ছাত্র হেফজখানার আরিফুল হক জুয়েল, যে কিনা মাদরাসা কমিটির সহসভাপতি আবদুল গফ্ফার পাটোয়ারীর দূরসম্পর্কের শালা। সঙ্গে সঙ্গে সে দৌড়ে গেল মুহতামিমের কাছে। দরজায় দাঁড়িয়ে হাঁপাতে শুরু করল। রুম অন্ধকার। মশারি টানানো। ফজরের সালাত আদায়ের পর হেলিকপ্টার হুজুরকে বিদায় দিয়ে সে আবার একটু শুয়েছিল। উঠে বসতে বসতে বলল, 'কী ব্যাপার, আবু বক্কর? সাতসকালে হাঁপাও ক্যান?'
– একটা ভয়ংকর ঘটনা ঘইটা গেছে, হুজুর। আপনে চলেন আমার লগে। সভাপতিরে খবর দেন, থানায় ফোন করেন।
– আরে, কী হইছে, কবা তো!
– খুন হুজুর! খুন হইছে!' মুহতামি তার খাট মোবারক ছেড়ে নিচে নেমে এল।
– কও কী? কে খুন হইছে? কোথায়?

– নতুন রান্নাঘরের পাশে।

খালি গায়ের ওপর কোরা গেঞ্জিটা চাপিয়ে দ্রুত প্রায় দৌড়ে আবু বক্করের সঙ্গে বেরিয়ে এল মুহতামিম। তার রুমের মধ্যে থাকা ছাত্রটি ইলাস্টিক দেওয়া পাজামা পরে, পাঞ্জাবি গায়ে দিয়ে বের হলো নতুন রান্নাঘরের উদ্দেশ্যে। ইতিমধ্যে আরও লোকজন এসে জড়ো হয়েছে। তার মধ্যে মাদরাসার ছাত্রই বেশি। এক কোণে মাহমুদও আছে। সবাই এসে জুয়েলকে চিনতে পেরেছে। অল্প কিছু সময়ের মধ্যে নওশাদ চৌধুরীও এসে হাজির হলো। এসে চোখের ইশারায় মুহতামিমকে জিজ্ঞেস করল কীভাবে কী হলো? ধীরে ধীরে আরও লোক এসে জমা হতে শুরু করল। সবারই ধারণা, গতকাল রাতে যখন ওয়াজ চলছিল, তখন হয়তো জুয়েল সিগারেট খেতে ছাদে উঠেছিল। সেখান থেকে অসাবধানতার কারণে পড়ে গেছে। জুয়েলের সিগারেট, এমনকি গাঁজা-ইয়াবা খাওয়ারও অভ্যাস আছে, তা এই মাদরাসার ছাত্র-শিক্ষক সবাই মোটামুটি জানে। কিন্তু কমিটির আত্মীয় হওয়ার কারণে তাকে কেউ তেমন কিছু বলত না। নওশাদ চৌধুরী এর মধ্যেই থানার ওসিকে ফোন করেছে। সে ফোন ধরছে না। ফোন করেছে মাদরাসা কমিটির সেক্রেটারি আলতাফ ব্যাপারীকে, এক নম্বর সহসভাপতি, অর্থাৎ জুয়েলের দুলাভাই গফ্‌ফার পাটোয়ারীকেও। গফ্‌ফার পাটোয়ারীকে ফোন করে বলেছে, 'তোমার হালা কাইল ওয়াজের সময় ছাদে গাঞ্জা টানতে যাইয়া পইড়া গিয়া এন্তেকাল করছে'। ওসির এত সকালে ফোন ধরার কথা নয়, তা নওশাদ চৌধুরী জানে। আস্তে আস্তে এলাকা ভেঙে মানুষ এসেছে লাশ দেখতে। নওশাদ চৌধুরী সবাইকে কড়া করে বলে দিয়েছে, কেউ যেন লাশের গায়ে হাত না দেয়। হোক জুয়েল ছাদ থেকে পড়ে গিয়ে মরেছে, তার পরও বিষয়টি পুলিশ কেস। কেউ হাত দিলে ফেঁসে যাবে। এর মধ্যে জুয়েলের মা চলে এসেছে। তার বাবা বিদেশে থাকে। জুয়েলের মা বুক চাপড়ে কাঁদছে আর ছেলের কাছে যেতে চাইছে। কিন্তু তাকে যেতে দেওয়া হচ্ছে না। চারজন মহিলা তাকে ধরে রেখেছে। পুলিশ আসতে আসতে সাড়ে নয়টা বেজে গেল। তাও ওসি নিজে আসেনি। একজন এসআই আর তিনজন কনস্টেবল এসেছে একটা পিকআপ নিয়ে। যারা এতক্ষণ ছবি তুলছিল, ভিডিও করছিল, তারা পুলিশ আসার পর ক্ষান্ত হলো। ছাদে গিয়ে পুলিশ অনেকগুলো সিগারেটের ফিল্টার, সিগারেটের তামাক খুঁজে পেল। আর পেল জুয়েলের টুপি। এসআই সুরতহাল শেষ করে মোটা পাতার হোগলায় লাশ মুড়িয়ে গাড়িতে উঠিয়ে থানায় পাঠিয়ে দিয়ে নওশাদ চৌধুরীর কাছে গেল মুহতামিম আর নওশাদ চৌধুরীর সঙ্গে 'ইশপিশাল'ভাবে দেখা করতে। কোনো রকম ভণিতা না করে এসআই নওশাদ চৌধুরীকে বলল, 'কী করব বলেন। ওসি স্যার আমারে সব শিক্ষকগো থানায় নিয়া যাইতে কইছে। চায়ের দাওয়াত দিছে'। থানার চায়ের দাওয়াত শুনে নওশাদ চৌধুরীর বুকটা ধক করে উঠল। এই চায়ের অর্থ সে জানে। এমন দাওয়াত আগেও দেওয়া হয়েছে সবাইকে।

তাও নিজের মাদরাসার জন্য না। পাশের থানার হাফেজ মাওলানা হাফিজুর রহমান নামের এক শিক্ষক তার মাদরাসার শাহপরান নামের এক ছাত্রের পেছনে লাগল। তিন-তিনবার শিশুটিকে ধর্ষণ করেও ব্যর্থ হয়। তারপর তাকে কৌশলে বেড়াতে নিয়ে যায় তার বাড়ি।

এরপর হাত-পা বেঁধে শিশুটিকে ধর্ষণ করে শ্বাস রোধ করে হত্যা করে। তারপর সে শিশুটিকে নিজের বাড়ির খাটের নিচে লুকিয়ে রেখেছিল। এরপর লুকাতে যায় তারই এক বন্ধু এই মাদরাসার সাবেক শিক্ষক লুৎফর মাওলানার কাছে। পরে আশপাশের লোকজন সেই হাফিজুরের বাড়ি থেকে পচা গন্ধ পেয়ে পুলিশে খবর দেয়। পরে এসে শাহপরানের লাশ পায় পুলিশ। শাহপরান খুবই ভালো ছাত্র ছিল। মাদরাসার সবাই তাকে খুব পছন্দও করত। পুলিশ শেষ পর্যন্ত ধরতে পেরেছিল হাফেজ মাওলানা হাফিজুরকে। সে তার দোষও স্বীকার করেছিল। কিন্তু তারপরও সবাইকে থানায় চা খেতে যেতে হয়েছিল।
নওশাদ চৌধুরী বুঝতে পারছে এখন যদি এই এসআইয়ের হাতে চা-পানির খরচ দেওয়া না হয় তো সবাইকে থানায় নেবে চা খেতে। মুহতামিম নওশাদ চৌধুরীর কানে কানে কিছু একটা বলল। এইসব ঝামেলা সবসময় আলতাফ ব্যাপারী দেখে। সে গতকাল একটা কেসের ব্যাপারে জজ আদালতে গেছে বলে আসতে পারেনি। আলতাফ ব্যাপারী থাকতে এসব নিয়ে ভাবতে হতো না নওশাদ চৌধুরীকে। নওশাদ চৌধুরী এসআইকে নিয়ে নিজের বাড়িতে গেল। সেখানে গিয়ে চালের আটার রুটি আর গরুর ভুনা মাংস দিয়ে নাশতা করিয়ে পঞ্চাশ হাজার টাকার একটা বান্ডেল ছুঁড়ে দিল, যেভাবে ক্ষুধার্ত কুকুরকে মানুষ খাবার ছুঁড়ে দেয়। সেই বান্ডেল দেখে এসআই হায় হায় করে উঠল।
'এইডা কী দিলেন, ভাই? স্পষ্ট বোঝা যাইতেছে বলাৎকার শেষে ছাদ থেকে ফেলে দিয়ে হত্যা করা হয়েছে। আমি এত চিকন বান্ডিল দিয়া ক্যামনে কী করুম? আপনে আর বড় হুজুর একটু থানায় চলেন'।
নওশাদ কোনো কথা না বলে পাঞ্জাবির পকেট থেকে আরও একটি পঞ্চাশের বান্ডেল ছুঁড়ে মারল এসআইয়ের দিকে। তারপর বলল, 'এই পোলার দুলাভাই আমগো মাদরাসার কমিটির এক নম্বর সহসভাপতি। মামলা-মুমলা যা করার হেই করবে। আপনে টেনশন নিয়েন না। দরকার হইলে মুহতামিমরে নিয়া যান। আমি এহন ঘুমামু। আমারে আর জ্বালাইবেন না। আসসালামু আলাইকুম'। এরপর নওশাদ চৌধুরী অন্দরে চলে গেল। এসআই বুঝতে পারল, এখানে কচলাকচলি করে আর লাভ নেই। নওশাদ চৌধুরীকে সে কেন স্বয়ং ওসিও থানায় নিয়ে যাওয়ার ক্ষমতা রাখে না। তবে যে করেই হোক, এসআই এই কেসের আইও হতে চায়। সে আঙুল বাঁকা করতে জানে। সোজাআঙুলে এখন ঘি উঠবে না, বুঝতে পেরে সে নওশাদ চৌধুরীর গৃহ ত্যাগ করল।

◆ ১৯ ◆

পুরো মাদরাসায় থমথমে পরিবেশ বিরাজ করছে। আজ আর বিছানায় প্রস্রাব করা দল কান ধরে দাঁড়িয়ে নেই। মাদরাসায় এখন পুলিশের আনাগোনা হবে, সাংবাদিক আসবে। উল্টোপাল্টা কিছু হলে ঝামেলা। তবে কেউ মুখে কিছু না বললেও জুয়েলের এমন আকস্মিক মৃত্যুতে নির্যাতিত অনেক ছাত্রই মনে মনে খুশি। মুহতামিম বোঝার চেষ্টা করছে যে কাজটা কেউ ঘটিয়েছে, না জুয়েল সত্যি সত্যি ছাদ থেকে পড়ে মারা গেছে। ময়নাতদন্তের আগে কিছুই বোঝা যাবে না। জুয়েল আঠারো-উনিশ বছরের একটা কিশোর ছেলে। তাকে কেউ বলাৎকার করেছে বলে মনে হচ্ছে না। বরং ওর বিরুদ্ধে অনেকে অনেকবার ছাত্র বলাৎকারের অভিযোগ এসেছে। তবে আগে থেকেই কিছুই বলা যায় না। জুয়েল কমিটির সহসভাপতি গফ্ফার পাটোয়ারীর দূরসম্পর্কের শালা। কোনো শিক্ষক জুয়েলের সঙ্গে এসব করার সাহস দেখাবে বলে মনে হয়না মুহতামিমের। লাশ প্রথম দেখা রাজমিস্ত্রি ছেলেটাকে থানায় নিয়ে গেছে পুলিশ। মুহতামিমকে নেয়নি। রাজমিস্ত্রি ছেলেটাকে হয়তো ছেড়ে দেবে। তবে এ কাজ যদি কেউ করে থাকে, তবে তা যত সহজে বের হবে, ততই ভালো। না হলে পানি ঘোলা হতেই থাকবে। আর পুলিশ ঘোলা পানিতে মাছ শিকারে ওস্তাদ।

দুপুর বারোটার দিকে জুয়েলের মা থানায় একটি হত্যা মামলা করল। জুয়েলের মা গফ্ফার পাটোয়ারীর দূরসম্পর্কের খালাশাশুড়ি। তার স্বামী, অর্থাৎ জুয়েলের বাবা থাকেন সৌদি আরবে। জুয়েলের মা আর গফ্ফার পাটোয়ারীকে নিয়ে এলাকায় অনেক মুখরোচক কথাবার্তা চালু আছে। এ মামলায় অজ্ঞাতনামা আসামি দেওয়া হয়েছে। ময়নাতদন্তে যদি দেখা যায় জুয়েলকে ধর্ষণ করা হয়েছে, তাহলে মাদরাসার শিক্ষকদের গ্রেপ্তার করে তাদের মতো করে তদন্ত চালিয়ে যাবে পুলিশ। সভাপতি নওশাদ চৌধুরীর সঙ্গে সহসভাপতির সম্পর্ক খুব একটা ভালো নয়। বিশেষ করে মাহফিলের টাকাপয়সা নিয়ে একটা দূরত্ব সৃষ্টি হয়েছে। তবে নওশাদ চৌধুরীর সঙ্গে এক্ষুনি সম্পর্কের আরও অবনতি চায় না গফ্ফার পাটোয়ারী। গফ্ফার পাটোয়ারীর ব্যবসা নদী থেকে বালু উত্তোলন। এটাই সবাই জানে। তবে তার আরও একটা ব্যবসা আছে, সেটা জানে নওশাদ চৌধুরী। ফলে এখন নওশাদ চৌধুরীকে ঘাঁটালে ঝামেলা গফ্ফারের।

সকাল থেকে টগর কিছুই খায়নি। ওর জ্বর জ্বর লাগছে। প্রচণ্ড ব্যথায় টয়লেটে যেতে ভয় পাচ্ছে। এমনিতেও ছোট থেকে টয়লেটে যেতে ভয় পেত টগর। কারণ, ওর পাইলসের সমস্যা রয়েছে। যখন ওর বাবা বেঁচে ছিল, তখন কয়েকবার ডাক্তার দেখিয়েছিল। তেমন কোনো ফল না পাওয়ায় এই মুহতামিমই ওকে পানি পড়া দিয়ে চিকিৎসা করেছিল। গতকাল হেলিকপ্টার হুজুরের সেক্রেটারি যখন ওর সঙ্গে এই 'খারাপ কাজ' করেছে, তখন ও ধরেই নিয়েছিল ও বোধহয় মারা যাচ্ছে। দুই-দুইবার জ্ঞান হারিয়েছে টগর। টগর বুঝতে পেরেছে, কাজটা সেক্রেটারি হুজুর করেনি। টগরের পেছনে যে দুষ্ট জিন লেগেছে, সেই এই কাজ

করিয়েছে। হেলিকপ্টার হুজুরের মতো অত ভালো বক্তার সেক্রেটারি এমন কাজ কখনোই করতে পারে না। এটা টগর বিশ্বাস করে না। শুধু টগর কেন, এই দেশের কেউই বিশ্বাস করবে না। হাফেজ মাওলানারা এমন কাজ করতে পারে না, এমন বিশ্বাস ও ধারণা এই হুজুরেরাই সাধারণ মানুষের মধ্যে ঢোকাতে পেরেছে। কিছুদিন আগে তো চরমোনাই হুজুর বলেছে, 'কোরআন হাদিসের আলো যার মধ্যে আছে, সে কখনো ধর্ষক হতে পারে না'। এটা এ দেশের ৯৯.৯৯% মুসলমান তা বিশ্বাস করেছে।

দুপুরের ক্লাসের সময় টগর টয়লেটের চাপ আর সহ্য করতে না পেরে উঠে দাঁড়িয়ে দুই আঙুল দেখাল। দুই আঙুল তোলার মানে হলো সে বড়টা করার জন্য এস্তেনজায় যাবে। এক আঙুল তোলা মানে ছোটটা, দুই আঙুল তোলা মানে বড়টা আর তিন আঙুল তোলা মানে অজু ছুটে গিয়েছে। সে এখন অজু করতে যাবে। এসব টগর মাদরাসায় ভর্তি হওয়ার পর আস্তে আস্তে শিখে নিয়েছে। আজকাল বড়টার কথা ভাবলেই কান্না পায় ওর। প্রচণ্ডব্যথায় টয়লেটে গিয়ে মুখ চেপে ধরে কাঁদে। সকালে দেখেছে তাজা রক্ত পড়ছে। এখন কী হয় কে জানে? সকাল থেকে ক্লাসে ওস্তাদরা থাকার পরও অনেক ছাত্রই ওর দিকে তাকিয়ে মুচকি হেসেছে, ফিসফাস করে টিপ্পনী কেটেছে। খুব লজ্জা লেগেছে ওর। সবাই কি তাহলে বুঝে গেছে রাতে ওর সঙ্গে কী হয়েছে? কিন্তু বিষয়টি তো ঘটিয়েছে জিন। ওরা বুঝল কী করে?

টয়লেটে গিয়ে দেখল অবস্থার কোনো পরিবর্তন হয়নি। রক্ত ঝরছে। আবারও ব্যথায় মুখ চেপে ধরে কেঁদেছে। চোখে যাতে কান্নার পানি না থাকে, সে জন্য ভালো করে অজু করে ক্লাসে যোগ দিল। রাতে কাঁপুনি দিয়ে জ্বর এল টগরের। মুহতামিমকে জানানোর পর সে ওকে পানিপড়া দিল। সেই পানিপড়া খেয়ে দুইবার বমি হলো। রাতে আর কিছুই খেতে পারল না।

খাবে কীভাবে? শীতকাল আসার আগে আগে রান্নাঘর ভরে যায় মুলায়। কম দামে পাওয়া যায়। রান্না দেখলে কান্না পায় ছাত্রদের। মনে হয় হলুদ গোলা পানির মধ্যে কিছু মুলা গোল গোল করে কেটে ছেড়ে দিয়েছে। এখন চলছে মুলার দিন, কয়েকদিন আগে ছিলো লাউয়ের দিন। দিনের পর দিন লাউ। তারপর হয়তো আসবে বাঁধাকপি, ফুলকপি, শালগম এইসব। বাজারে যখন যে সবজির দাম সবচেয়ে কম থাকে সেগুলো বাজার ভাঙার পর নাম মাত্র দামে ভ্যান গাড়ি ভরে মাদরাসায় নিয়ে আসে বাবুর্চি মন্টু আর ঐদিনের জন্য রান্নার কাজে মন্টুকে সাহায্য কারার জন্য ছাত্ররা।

খাবার বিষয়টি নিয়ে 'শিশুধর্ষণের' একটি বড় সুযোগ নেয় বাবুর্চি মন্টু। মাদরাসায় দুই ধরণের ছাত্র রয়েছে। একদল খোরাকি অর্থাৎ খাবারের টাকা দিয়ে খায়, আরেক দল এতিম। যারা খোরাকি দিয়ে খায় তাদের খাবার একটু আলাদা হয়। একটা আইটেম হয়তো বেশি থাকে। একটা ডিমের অর্ধেকটা বা হ্যাচারির মাছ। মন্টু মাঝে মধ্যে কিছু এতিম ছাত্রকে খোরাকি দেয়া ছাত্রদের খাবারের থেকে চুরি করে দেয় অথবা একটা ডিম ভেজে দেয়। বিনিময়ে মন্টুর স্টোরে ঐ ছাত্রকে পাজামা খুলতে হয় সঙ্গোপনে। মন্টুকে নিয়েও মাদরাসায় কম ঘটনা নাই। অনেকবার বিচার বসেছে তাকে নিয়ে। কিন্তু তাকে চাকরি থেকে বের করে দিতে পারেনি কখনও। কারণ মন্টু অনেকের অনেক কিছু জানে। আর সেই জানার সুযোগটা সে প্রায়ই

নেয়। তাকে হটানো অতো সহজ না। তাছাড়া জেহাদি ওস্তাদ, কবির হুজুর, মোক্তার ওস্তাদকে কি সে স্টোর রুমের চাবি দিয়ে কম উপকার করেছে? সেখানে চটের বস্তা বিছানো আছে। জেহাদি ওস্তাদ প্রায়ই তাহাজ্জুদ নামাজের পর নাদুস নুদুস এক ছাত্র নিয়ে স্টোর রুমে যায়। একদিন চাবি চাইতে আসলে মন্টু মাথা চুলকাতে চুলকাতে বলল 'হুজুর আমিও তো অনেকদিন বাড়ি যাই না, আইজ একটু আমিও...' এরপর থেকে জেহাদি ওস্তাদের শেষ হওয়ার পরপরই ঢুকে যায় মন্টু। কিন্তু একদিন ধরা পরে গিয়েছিলো ছাত্রদের কাছে। আর তা নিয়ে কত হৈচৈ। তবে মুহতামিম ঘটনা মাদরাসার বাইরে যেতে দেয়নি। বিচারের দায়িত্ব পড়েছিল জেহাদি ওস্তাদ আর কবির হুজুরের উপর। তারপর থেকে সাবধান হয়ে যায় মন্টু। কিন্তু কিছু বজ্জাত ছাত্র সব সময় তক্কে তক্কে থাকে আর ঝামেলা পাকায়। মন্টু ভেবেছে একদিন এই বজ্জাতদের জামাল গোটা খাওয়াবে। কিন্তু সংগ্রহ করতে পারছে না বলে খাওয়ানো হচ্ছে না।

◆ ২০ ◆

দুইদিন পর জুয়েলের পোস্টমর্টেম রিপোর্টে যা এল, তাতে ভ্যাবাচেকা খেয়ে গেল গফ্ফার পাটোয়ারী। জুয়েলকে তো কেউ ধর্ষণ করেইনি, বরং ওর লিঙ্গের মাথায় আর কাপড়ে ওরই বীর্য পাওয়া গেছে। রাতের বেলা প্রায়ই ছোট ছাত্রদের মশারির মধ্যে পাওয়া যেত, সে খবর গফ্ফার পাটোয়ারীর কানে কয়েকবার গেছে। এ নিয়ে বিচারে মুহতামিম, এমনকি নওশাদ চৌধুরীও উপস্থিত ছিল একদিন। গফ্ফার ভেবেছিল, এই সুযোগে হয়তো নওশাদ চৌধুরীকে খানিকটা সাইজ করে নেওয়া যাবে। কিন্তু এক ময়নাতদন্ত সবকিছু ওলটপালট করেদিল। গোল্লায় গেল ওসিকে দেওয়া নগদ পাঁচলাখ টাকা। দুঃখে-কষ্টে নিজের মাথার চুল ছিঁড়তে ইচ্ছা করছে গফ্ফার পাটোয়ারীর। মেজাজটা অসম্ভব বিগড়ে আছে।

হেলিকপ্টার হুজুরের মাহফিলে অনেক টাকাপয়সা উঠেছে। শুধু মাহফিলের দিনই উঠেছে আঠারো-বিশ লাখ। তার কাছে ভেতরের খবর আছে। সব মিলিয়ে এই মাহফিলে এক থেকে দেড় কোটি টাকা উঠেছে। এলাকার বেশ্যার দালাল থেকে শুরু করে ছিঁচকে চোর পর্যন্ত বিরাট অঙ্কের চাঁদা দিয়েছে। রাস্তার কন্ট্রাকটর, জমির দালাল, সিনেমা হলের মালিক, চাতালের মালিক, বালু ব্যবসায়ী, কে না দিয়েছে টাকা? সেখান থেকে হেলিকপ্টার হুজুর নিয়েছে বক্তব্যের জন্য দুই লাখ, হেলিকপ্টার ভাড়া পঞ্চাশ হাজার আর মাহফিলে মসজিদ-মাদরাসার জন্য দানের কথা বলে দেওয়ার জন্য নিয়েছে পঞ্চাশ হাজার। এই গেল মোট তিন লাখ। আর টাকা কোথায়? পোস্টারে, মাইকে, ডেকোরেটরে, কারেন্টে, খাওনে–কোথাও একটা টাকাও খরচ হয়নি। এসব এমনি এমনিতে যে যার জায়গা থেকে মাহফিলে দান হিসেবে দিয়েছে। বাকি টাকা গেল কোথায়? গফ্ফার খুব ভালো করে জানে, মসজিদ-মাদরাসায় একটা টাকাও খরচ করবে না সুদি নশু। বাচ্চা বাচ্চা পোলাগুলো দিয়া ভিক্ষা করাবে আর সেই টাকা দিয়া পিঁপড়ার গতিতে কাজ করাবে। কেউ টাকা দিয়ে জায়গায় দাঁড়িয়ে কাজ করাতে চাইলেও সুদি নশু করাতে দেবে না। তাহলে আয়ের পথ বন্ধ হয়ে যাবে। হারামজাদাকে অনেকদিন ধরে সাইজ করারধান্দায় ছিল গফ্ফার। কিন্তু কোত্থেকে কী হয়ে গেল?

সপ্তাহখানেক পর মাহমুদসহ আরও জনা কয়েক ছাত্র মাদরাসা থেকে পালিয়ে গেল। এটা মাদরাসার জন্য নতুন কিছু নয়। সঙ্গে সঙ্গে ওই দিনই নতুন করে আঠারোজনকে শিকল দিয়ে বেঁধে ফেলা হলো। আরও দিন চারেক পর শুরু হলো নতুন রান্নাঘরের কাজ। সেখানে ভাঙা ইট, টিন, কাঠ ইত্যাদি সরাতে গিয়ে দুলাল নামের এক লেবার ‘মোবাইল কার মোবাইল কার’ বলে চিৎকার শুরু করে দিল। প্রাপ্ত মোবাইলটি নিহত জুয়েলের, তা অল্পক্ষণের মধ্যেই বোঝা গেল। এক কান দুই কান হতে হতে সে খবর গেল মুহতামিমের কানে। মোবাইল নিয়ে মুহতামিম কী করবে, বুঝে উঠতে পারল না। একসময় মোবাইলপ্রাপ্তির খবর চলে গেল গফ্ফার পাটোয়ারীর কানে, সেখান থেকে থানার ওসির

কানে। ওসি মোবাইল জব্দ করে সেখান থেকে বেশ কিছু পর্ন ভিডিও উদ্ধার করল। তার মধ্যে একটি ভিডিও পুরো কেসের মোড় ঘুরিয়ে দিল। আর সেটা হলো মাহমুদকে ধর্ষণের ভিডিও। কেসের মোড় একেবারেই অন্যদিকে ঘুরে গেল।

টগর শারীরিকভাবে খানিকটা সুস্থ হলেও ভালো নেই ওর মানসিক অবস্থা। সবাই তাকে এখন দুষ্ট জিনের বউ বলে ডাকে। তার লজ্জায় মরে যেতে ইচ্ছা করে। হয়তো সে আত্মহত্যাই করত কিন্তু হুজুরেরা বলেছে, আত্মহত্যাকারী চিরজাহান্নামি। সে জান্নাতে যেতে পারবে না। মাঝেমধ্যে ভাবে, এখান থেকে মাহমুদ ভাই, কাওছার ভাই, তরিকুল–এদের মতো টগরও পালিয়ে যাবে। কিন্তু ও পালিয়ে যাবে কোথায়? ওর তো যাওয়ার কোনো জায়গা নেই। সারাদিন চোখের পানি ফেলে। এর মধ্যে আবার একদিন জিন হুজুরের ঘরে ডাক এল। এখন আর জিন হুজুরের ঘরে যেতে ভালো লাগে না। কিন্তু সে যেতে বাধ্য। না হলে সে জিন চালান দিয়ে টগরকে মেরে ফেলবে বলেছে। টগর অনেক শুকিয়ে গেছে। ওর রক্ত পড়া বন্ধ হয়নি। পেটে ক্ষুধা থাকলেও খায় না। কারণ, তাতে ওর টয়লেটে যেতে হবে, সেই ভয়ে। কম খেলে যদি কম টয়লেটে গিয়ে পারে, সেই জন্যই কম খায়, পারতপক্ষে খায় না। মাদরাসায় রটে যায়, টগরের খারাপ বাতাস লেগেছে। আর এটা দুষ্ট জিনের কাজ। মাদরাসার অন্য ছাত্ররা এই দুষ্ট জিনকে সবাই চেনে। কিন্তু কেউ ভুলেও কোনো কথা বলে না।

জুয়েলের কেস স্তিমিত হয়ে আসার পর নওশাদ চৌধুরী মাহফিলের যাবতীয় আয় নিয়ে বসল মুহাতমিম আর মোস্তাকের সঙ্গে। নওশাদ চৌধুরী এই পৃথিবীতে কাউকেই বিশ্বাস করে না। সে নিজের নাম নিজে লিখতে না পারলেও হিসাব-নিকাশে সে খুবই পাকা। দীর্ঘদিন ধরে সুদের কারবার করে এসেছে। কেউ তাকে এক পয়সা ফাঁকি তো দিতে পারেইনি, বরং সে অনেককে ফাঁকি দিয়ে দেড়গুণ সুদ নিয়েছে, হাতিয়ে নিয়েছে অনেকের জামিজমা। ইতেমধ্যে সে মোস্তাকের কাছ থেকে পুরো হিসাব পেয়েছে। নগদ টাকা, ধান-চাল, মানত, গরু-ছাগল, মহিষ, হাঁস-মুরগি–এসব বিক্রি করা হয়েছে ধীরে ধীরে। এখন যা আছে, সবই নগদ টাকা। সবকিছু নিয়ে বাদ মাগরিব বসল মাদরাসায় নওশাদ চৌধুরী ওরফে সুদি নশুর খাস কামরায়। মাহফিলে যারা প্রতিশ্রুতি দিয়েছিল, তার মধ্যে মাত্র দুজন এখনো দেয়নি। শ্যাম্পু, টয়লেট টিস্যু আর চকপাউডার দিয়ে দুধ বানানো দুধের কারবারি ফারুক দেয়নি তার প্রতিশ্রুতির আশি হাজার টাকা আর আদম ব্যবসায়ী খলিল দেয়নি তার প্রতিশ্রুতির দুই লাখ টাকা। দুজনেই বলেছে, সামনের শুক্রবারের মধ্যে দিয়ে দেবে। টাকার মোটামুটি একটা ছোটখাটো বস্তা নিয়ে বসল তিনজন। সব মিলিয়ে মোট আয় হয়েছে এক কোটি সতেরো লাখ উনিশ হাজার দুইশো ছাপ্পান্ন টাকা। সেখান থেকে হেলিকপ্টার হুজুরকে সব মিলিয়ে দিয়েছে তিন লাখ। খুচরা আরও খরচ হয়েছে হাজার দশেকের মতো। সেখান থেকে মুহতামিমের হাতে পাঁচ লাখ টাকা দিয়ে বলল, 'এইটা তুমি আর তোমার বাকি মাওলানারা ভাগযোগ কইরা নিয়ো। বাবুর্চিরেও দিয়ো কিছু'। সঙ্গেসঙ্গে মুহতামিমের মুখ পাংশু হয়ে গেল। এবছর মাহফিলে যা আয় হয়েছে, তা গত বছরের চেয়ে দশগুণেরও বেশি। গতবছর সব মিলিয়ে উঠেছিল এগারো লাখের মতো। সেখান থেকে মুহতামিমকে দিয়েছিল দেড় লাখ

আর অন্য শিক্ষকদের দশ হাজার করে। এবছর এটা কী করল? এটা দিয়ে মুহতামিম কী নেবে আর বাকি শিক্ষক-বাবুর্চি এদেরই-বা কী দেবে? এরপর মোস্তাকের হাতে ২ লাখ ১৯ হাজার ২৫৬ টাকা দিয়ে বলল, 'এটা দিয়া মাদরাসা আর মসজিদের কাম চালাইতে থাক'। মুহতামিমের বুকটা ভেঙে গেল। মাহফিলের জন্য মুহতামিম আর অন্য শিক্ষকেরা কম খাটেনি। যত টাকা উঠেছে, তার পুরোটাই বলতে গেলে উঠেছে হেলিকপ্টার হুজুরের কল্যাণে। আর তাকে এই মুহতামিমই ব্যবস্থা করে দিয়েছে। এর জন্য তাকে কম খাটতে হয়নি। তার বিনিময়ে এই প্রাপ্তি? এই প্রথম মুহতামিম নওশাদ চৌধুরীর ওপর মারাত্মকভাবে নাখোশ হলো। এমনটা সে মোটেই আশা করেনি। তবে মনে মনে একটা ক্ষীণ আশা এই যে হয়তো মোস্তাকের সামনে বসে এটা দিয়েছে, পরে মুহতামিমকে আলাদা করে দেবে।
মাদরাসা থেকে বেরিয়ে নওশাদ চৌধুরী আর তার ভাতিজা বাড়ির উদ্দেশে রওনা দিল। আগে ভাতিজা মোস্তাক আর পেছনে নওশাদ চৌধুরী। ভাতিজার মাথায় টাকার বস্তা। নওশাদ চৌধুরী কাউকে বিশ্বাস করতে চায় না। টাকার বস্তাসহ ভাতিজা দৌড়ে পালাতেই পারে। এটা ভেবে সে নিজের পকেটে একটা পিস্তলও রেখেছে। আর সেটা পেট চুলকানোর ছলে ভাতিজাকে কৌশলে দেখিয়েও দিয়েছে। নওশাদ চৌধুরীর এখন বয়স ষাটের ওপরে। সামনের সংসদ নির্বাচনে সে এমপি ইলেকশন করবে। সরকারি দল নমিনেশন না দিলে সে স্বতন্ত্র প্রার্থী হিসেবে দাঁড়াবে। আর এইসব টাকা সে ইলেকশনের কাজে খাটাতে চায়। ইলেকশনের তো বেশি দেরি নেই। সুদি নশু নিজে এত বড় মাদরাসা দিলেও নিজের কোনো ছেলেমেয়েকে মাদরাসায় পড়ানোর মতো ভুল কাজ করেনি। ছেলেমেয়েদের পড়িয়েছে স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ে। চার ছেলেমেয়ের তিন ছেলে থাকে অস্ট্রেলিয়ার সিডনি শহরে। সেখানে প্রত্যেকের বাড়ি আছে। আর মেয়েও থাকে বিদেশে। জামাই নিয়ে কানাডায় আছে। আরও একটা মেয়ে হয়েছিল তার দ্বিতীয় বউয়ের ঘরে। এক মামলায় জেতার জন্য প্রতিপক্ষকে ফাঁসাতে নিজ হাতে জবাই করে তাকে প্রতিপক্ষের পাট খেতে যখন ফেলে রেখেছিল, তখন মেয়েটার বয়স ছয় বছর। জমিজমার সেই কেসে জিতেছিল নশু।
এই মাদরাসা দেওয়ার পর সে প্রকাশ্যে সুদের ব্যবসা করে না ঠিকই কিন্তু ব্যাংকে তার কোটি কোটি টাকা আছে। আর তা থেকে সুদও আসে কোটি টাকা। এই মাদরাসা তার আয়ের অন্যতম একটা বড় উৎস। সে তার কোনো উৎসকে ছোট করে দেখে না। অনেকেই বলে সুদি নশুর একটা টাকা যদি গুয়ের মধ্যে পড়ে তো সে ওই টাকাটাও তুলতে দ্বিধা করে না। এই মাদরাসা তাকে ইউনিয়ন পরিষদের মেম্বার বানিয়েছে, চেয়ারম্যান বানিয়েছে। এখন স্বপ্ন সে এমপি হবে। তার টাকাপয়সার অভাব কখনোই ছিল না, এখনো নেই, নেই সম্মানের কমতি। কমতি নেই লোভ-লালসারও। চার-চারটা বিয়ে করে সুন্নত পালন করেছে। কিন্তু সন্তান নিয়েছে বড় বউয়ের ঘরে। আর যে যে বউয়ের যখন পেট হয়েছে, ডাক্তারের কাছে নিয়ে পেট পরিষ্কার করে এনেছে। খালি একবার দ্বিতীয় বউয়ের পেটে এই মেয়েটা হয়ে গিয়েছিল।
তবে কচি পোলার প্রতি তার একটা ভিন্ন রকম খায়েশ সেই যুবা বয়স থেকেই। দিন দিন বড় হচ্ছে মাদরাসা। আজকাল স্কুলে লেখাপড়া হয় না বলে সবাই পোলাপান মাদরাসায় পড়াতে

চায়। মাদরাসায় পড়ানোর অন্যতম বড় কারণ তারা মনে করে কোনো বাবা-মায়ের একটা সন্তান যদি কোরআনের হাফেজ থাকে, তো পুরো পরিবারের জান্নাত নিশ্চিত। এ বিষয়ে দেশের বিশিষ্ট আলেমদের লাখ লাখ ওয়াজ রয়েছ। আজকাল নওশাদ চৌধুরী যখন মাদরাসার পাশ দিয়ে যায়, তখন তার মনে হয় সে তার নিজস্ব ব্যাংকের পাশ দিয়ে যাচ্ছে। বছর বছর ছাত্রের পরিমাণ বেড়েই চলেছে। একেকটা ছাত্র তার কাছে ফিক্সড ডিপোজিটের সমান। টাকার গাছ। মাদরাসার মধ্যে যখন দেখে ছাত্ররা মাথা দুলিয়ে দুলিয়ে কোরআন পড়ছে, যখন পুরো মাদরাসা গমগম করে, তখন সে তার অর্থ না বুঝলেও মনে মনে ভাবে, এটাই প্রকৃতপক্ষে জান্নাতের বাগান। যে বাগানের ফল অতি মিষ্ট। আলহাজ্ব নওশাদ চৌধুরীর আয়ের অনেক পথ থাকলেও দিন দিন মাদরাসা একটা বড় আয়ের উৎস হয়ে উঠছে। সারা বছর এতিমখানার নামে টাকা আসতেই থাকে। ছাত্ররা যে শুধু বাড়ি বাড়ি গিয়ে টাকাপয়সা, চাল-ডাল আনে, তা-ই নয়, তার জামাইসহ আরও অনেক লোক নানা জায়গা থেকে মোটা অঙ্কের অনুদান পাইয়ে দেয়। তার মধ্যে মধ্যপ্রাচ্য সবচেয়ে বড় উৎস।

ঘরে গিয়ে টাকাগুলো সিন্দুকে রাখার পর মোস্তাককে এক হাজার টাকার দুটো নোট দিয়ে বলে, 'নে, হাতখরচা তোর'।

বাবা-মা হারা মোস্তাককে তো নওশাদ চৌধুরীই বড় করেছে। আইএ পর্যন্ত পড়িয়েছে।

◆ ২১ ◆

সন্ধ্যার পর মুহতামিম অত্যন্ত আশা নিয়ে নওশাদ চৌধুরীর কাছে গিয়ে বলল, 'এই সামান্য কয়টা টাকা দিয়া কী করুম? আর কিছু দিবেন না?'

– আর কিছু মানে? তোমারে আর ট্যাকা দিমু ক্যান?

– এইডা একটা কথা কইলেন? এইখানে আমার হক নাই?

– তোমার আবার কিসের হক? এইডা আমার মাদরাসা। ট্যাকা উঠছে। তোমরা কষ্ট করছ বকশিশ দিছি, আর কিয়ের হক? মাথা ঠিক আছে?

সামনে থেকে এতগুলো টাকা নিয়ে নওশাদ চৌধুরী পকেটে ভরছে, এটা কোনোভাবেই মেনে নিতে পারছে না মুহতামিম। সে বলল, 'এইডা কিন্তু ইনসাফ হইতেছে না হাজি সাব। কষ্ট যা করণের আমরাই করছি। এত্তগুলো মানুষের হক নিয়া আপনে একা পকেটে ভরবেন, এইডা কেমুন কথা?' এইবার সুদি নশু তার আসল রূপে এল, 'তোমারে এক কুঠি ট্যাকা দিলে খুশি হইতা? আমারে ইনসাফ শিখাও? আমারে ইনসাফ শিখাও? এত্ত জলদি নিজের জায়গা ভুইলা গ্যালা? আছিলা রাস্তার ফহির। ভিক্ষা কইরা খাইতা আর মচ্ছিদে ঘুমাইতা। হেই জাগাইদ্দা তুইলা আইনা তোমারে আমার ঘরে থাকতে দিছি, মাদরাসা কইরা দিছি, এইগুলা কি নিজের বাপের সম্পত্তি মনে করছ? বেশি লোভ কইরো না, মাওলানা। তোমার মাদরাসার মাস্টরেরা একের পর এক ঝামেলা করে। ধইরা ধইরা পোলাগো পুটকি মারে আর আমারে হেই ঝামেলা মিটাইতে হয়। আর আমারে হক শিখাও? আমারে ইনসাফ শিখাও? মাদরাসা কইরা দিছি, মসজিদ কইরা দিছি, কোনোডাই তো কন্ট্রোল করতে পারো না। আবার আইছো ট্যাকার ভাগ চাইতে? পিছনের কথা ভুইল্লা যাও ক্যামনে? তোমারে আমি কী দেই নাই? আবার মুখে মুখে তর্ক করো? লাত্থি মাইরা মুখ ভাইঙ্গা দিমু। নিমকহারাম কোহানকার! রাইতের বেলা খুন কইরা আমার কাছে আইয়া আমার পাও জড়াইয়া ধরছিলি মনে আছ?' নওশাদ চৌধুরী খেপে আগুন হয়ে গেল।

'তিনমাস আগেও পুটকি মাইরা এক ছাত্ররে পিডাইয়া ঠ্যাং ভাঙছ। আমার হেইসব ট্যাকেল দিতে হয় নাই? এক হারামজাদা ব্যাত দিয়া ছাত্রের চৌখ নষ্ট কইরা দিলো। কী মনে করছ? আমি আর কত ঝামেলা ঠ্যাক দিমু? এহন আইছ ট্যাকার ভাগ নিতে? পিছনের কথা ভুইল্লা যাও? পুহুরপাড়ে এহনও খোঁচা দিলে তোমার খুন করা ছাত্রের লাশ বাইর হইব। আমারে আইছ হক শিখাইতে? ইনসাফ শিখাইতে? এইসব থানা-পুলিশ কোর্ট-কাছারি সামলায় কেডা? বেশি তেড়িবেড়ি কইরো না, মাওলানা। চিনো আমারে? পুটকিতে চোতরা পাতা ঘইষ্যা দিয়া লাত্থি মাইরা রাস্তায় বাইর কইরা দিমু। আমি নশু, ভাত বিছাইলে তোমার মতো হাজার হাজার কাউয়া আইব। যাও, ভাগো। আইছে আমারে ইনসাফ শিখাইতে'।

কোনো কথা না বলে মাথা নিচু করে মুহতামিম নওশাদ চৌধুরীর ঘর ত্যাগ করল। কিন্তু বিষয়টা মোটেই হজম করতে পারছে না। মুখে কিছু না বললেও শরীরে প্রতিটি কোষ যেন বিদ্রোহ করছে মুহতামিমের। নওশাদ চৌধুরী তার জন্য আর মাদরাসার শিক্ষকদের জন্য অনেক ত্যাগ স্বীকার করেছে, এ কথা মিথ্যা নয়। থানায় অনেক টাকাপয়সা দিতে হয়েছে, সেকথাও সত্যি। কিন্তু তাই বলে এমন অপমান? এখন এর কোনো জবাব না দিলেও একেবারে ছেড়ে দেবে না সে সুদি নশুকে। দিন দিন তার আচার-ব্যবহার খারাপ হয়ে যাচ্ছে। যতই বয়স বাড়ছে, ততই খিটখিটে হয়ে যাচ্ছে। ভাগ্যিস, আজ আশপাশে কেউ ছিল না। আজ মনে হয় একটু বেশিই 'পানিপুনি' খেয়েছিল। মুখ থেকে বেজায় গন্ধ আসছিল। প্রথমে যদি বুঝতে পারত সে মাল খেয়ে আছে, তাহলে কথাটা এখনই বলত না।
মুহতামিম আশা করেছিল এই মাহফিল থেকে সে অন্তত ২৫-৩০ লাখ টাকা ভাগে পাবে। অন্য শিক্ষকদের হাতে লাখখানেক করে টাকা দিতে পারবে। এখন সবাই কী ভাববে? ভাববে মুহতামিম টাকা নিয়েছে কিন্তু আমাদের দেয়নি, সব একা মেরে খেয়েছে।
আরও মাসখানেক পর টগর সিদ্ধান্ত নেয় সে মাদরাসা ছেড়ে পালাবে। কিন্তু মাহমুদ পালিয়ে যাওয়ার পর মাদরাসায় যে কড়াকড়ি হয়েছে, তাতে পালানো সহজ নয়। টগর মনে মনে ভাবে, একদিন না একদিন তার ঠিকই পালানোর সুযোগ আল্লাহ্ করে দেবে।
শুধু টগর নয়, কওমি মাদরাসার প্রায় সব শিশু ছাত্রই মনে মনে ভাবে, একদিন না একদিন সে পালাতে পারবে। তবে কেউ পারে, কেউ পারে না। এতিম শিশুদের পালিয়ে যাবার কোনো জায়গা থাকে না বলে তারা দিনের পর দিন দুমুঠো ভাত আর শোয়ার জায়গার জন্য মুখ বুজে ধর্ষিত হতেই থাকে।

◆ ২২ ◆

নাইম আর মাদরাসায় ফেরত যাবে না। কোনোভাবেই যাবে না। আর সেই কারণে মায়ের সঙ্গে মনোমালিন্য চলছে ওর। এই ছেলে কোনো মাদরাসাতেই টিকতে চায় না। এই নিয়ে এটা ওর চতুর্থ মাদরাসা চলছে। নাইমের মা আমেনা বুঝে ফেলেছে ছেলেটার পেছনে ইবলিশ শয়তান লেগেছে। এটা একমাত্র ইবলিশেরই কারসাজি। কোনো মাদরাসাই ভালো না, এটা তো আর হতে পারে না। নাইম এমনিতে খুবই অন্তর্মুখী ছেলে। সহসা মুখ ফুটে কিছু বলতে চায় না। তার মা তাকে বারবার জিজ্ঞেস করেছে, 'তুই মাদরাসায় কেন যাবি না?' নাইম কখনো কোনো জবাব দেয়নি। মাদরাসায় যা-ই হোক, ছেলেকে মাদরাসায় পড়াতেই হবে আমেনাকে, হাফেজ বানাতেই হবে। নাহলে যে আমেনার মুক্তি নেই। তার ধারণা, জীবনে সে অনেক অনেক পাপ করেছে। আর সেই সব পাপের শাস্তি থেকে তাকে মুক্তি দিতে পারে তার একমাত্র ছেলে নাইম। ছেলে হাফেজ হলেই কেবল সে দোজখের আগুন থেকে মুক্তি পাবে। আর না হলে আমেনাকে চিরজাহান্নামি হয়ে থাকতে হবে মৃত্যুর পর।

আমেনার বয়স যখন নয়, তখন সে তার বাবাকে হারায়। মা আবার বিয়ে করে। তার মায়ের নতুন স্বামীর কাছে আমেনারও থাকার সুযোগ হয়। আমেনার মা বাসায় কাজ করত আর বাবা রিকশা চালাত। থাকত বেগুনবাড়ি বস্তিতে। দুপুরবেলা যখন ওর বাবা বাসায় খেতে আসত, তখন ওর মা বাসায় থাকত না। সেই সুযোগে ওর সৎবাবা ওর মুখে দুর্গন্ধযুক্ত গামছা গুঁজে দিয়ে ধর্ষণ করত। কিন্তু কিছুই করার ছিল না আমেনার। একদিন মাকে সব বলে দিল। ততদিনে তার মাসিক শুরু হয়েছে। মা সরকারি হাসপাতাল থেকে 'সুখী' নামক এক প্যাকেট বড়ি এনে বুঝিয়ে দিল কখন কীভাবে খেতে হবে। কিন্তু ওই বড়ি খাওয়ার পরও তার সৎবাবা তাকে ধর্ষণ করতেই থাকল। আমেনা মাকে জানাল, ওষুধ খাওয়ায় কোনো কাজ হয়নি, তার সৎবাবা এখনো প্রায় প্রতিদিন তার সঙ্গে 'ওই কাম' করেই যাচ্ছে। তখন তাকে মা বুঝিয়ে বলল, এই বড়ি 'ওই কাম' ফেরাতে পারে না। বরং 'ওই কাম' করার ফলে যাতে পেটে বাচ্চা না আসে, সেই জন্যই এই বড়ি। সেই মা যখন সাত রাস্তার মোড়ে রাস্তা পার হতে গিয়ে ট্রাক চাপা পড়ে মারা গেল, তখন আমেনার বয়স চৌদ্দ পার হয়ে পনেরোতে পড়েছে। বুক উঁচু হয়েছে। তখন থেকে ওর সৎবাবা রাতের বেলা ঘরে আরও তিনজন পুরুষ নিয়ে এসে রাতভর জুয়া খেলত আর সবাই মিলে কবিরের বাংলা মদ খেত। ফাঁকে ফাঁকে ওকে একেকজন ধর্ষণ করত। এক রাতে জুয়ায় হারাতে হলো একমাত্র রিকশাটাও। পরদিন আমেনাকে নিয়ে বের হলো গ্রামে ফেরার উদ্দেশ্যে। দৌলদিয়া নামক এক স্থানে এক মোটা পান খাওয়া মহিলার ঘরে ওকে বসিয়ে সে গেল খাবার আনতে। সেই যে গেল, আজ পর্যন্ত আর তার দেখা মেলেনি। আমেনার তিন-চার দিন লাগল এটা বুঝতে যে ওর সৎবাবা ওকে পতিতালয়ে বিক্রি করে দিয়ে ভেগেছে। শকুনের হাত থেকে কুমিরের মুখে পড়ল আমেনা।

সারা দিনে ১০-১৫ জন খদ্দেরকে খুশি করার বিনিময়ে তিন বেলা খাবার ছাড়া আর কিছুই জুটত না। এভাবে তিন বছর কাটানোর পর একদিন 'আউট কল'-এ গেল ঢাকায়। খদ্দের বড়লোক কিন্তু সে কনডম ব্যবহার করবে না। বিনিময়ে মোটা টাকা দিতে চাইল। রাত আটটায় দালাল ওকে দিয়ে গেছে, সকাল আটটায় নিয়ে যাবে। আউট কলে সাধারণত সাত-আটজন বা তার বেশি খদ্দের থাকে। কিন্তু এখানে একজনমাত্র খদ্দের। খালা সব সময় বলে দিয়েছে কনডম দিয়ে কাজ করতে। এনজিওর আপারাও বলেছে। কনডম ছাড়া কাজ করলে নাকি কী রোগ হয়, যার কোনো চিকিৎসা নেই, ধুঁকে ধুঁকে মরতে হয়। আমেনা ভাবল, এখন যেভাবে আছি, তার চেয়ে ধুঁকে ধুঁকে মরাই ভালো। সে কনডম ছাড়া কাজ করতে রাজি হলো, বিনিময়ে আরও শর্ত দিল খদ্দেরকে। শর্ত হলো, তাকে যে টাকায় ভাড়া করা হয়েছে, সেই টাকাটা দালালের হাতে না দিয়ে ওর হতে দিতে হবে, সঙ্গে আরও পাঁচ হাজার টাকা। আর দালাল আসার আগেই ওকে ছেড়ে দিতে হবে। বিনিময়ে খদ্দের যা খুশি করতে পারে, যেভাবে খুশি করতে পারে। খদ্দের বুঝতে পারল, মেয়েটি পালিয়ে বাঁচতে চায়। খদ্দের অনেক টাকার মালিক, কিন্তু বেচারার বউ দীর্ঘদিন ধরে প্যারালাইজড হয়ে পড়ে আছে। এখন বাপের বাড়িতে আছে বলে সে কাউকে বাসায় আনতে পেরেছে। এমন সুযোগ নাকি সে বছরে দুয়েকবার পায়। দীর্ঘদিন ধরে নারীসঙ্গ পায়নি বেচারা। বয়স চল্লিশের ওপরে। বোঝাই যায় এখনও যৌবনে একটু ঘাটতি হয়নি এই সুশ্রী সুপুরুষের। তার কথাবার্তা-ভাবভঙ্গিতে বুঝতে পারল, সে আল্লাখোদা মানে না, বিশ্বাসও করে না। কিন্তু মানুষটা অনেক ভালো। রাতে দুজনেই অনেক তৃপ্তি নিয়ে যা করার করল। সকালে যখন বেঘোরে ঘুমাচ্ছিল আমেনা, তখন খদ্দের নিজেই ওকে ডেকে একটা খাম হাতে দিয়ে বলল, ছয়টা বেজে গেছে। আমেনা যদি পালাতে চায় তো তার এখনই বের হওয়া উচিত। সে যেখানে যেতে চায়, ড্রাইভার তাকে নামিয়ে দেবে। আমেনা জানাল, তাকে কারওয়ান বাজারে নামিয়ে দিলেই চলবে। গাড়িতে ওঠার আগে একটা ব্যাগে আমেনাকে তার বউয়ের পুরোনো কিছু কাপড়চোপড় ভরে দিল। এই নাস্তিক ব্যাটার আচরণে মুগ্ধ হয়ে সারা পথ কেঁদেছিল আমেনা। সেই রাতে আমেনা খদ্দেরের কাছ থেকে এইডস না নিয়ে এলেও নিয়ে এসেছিল নাইমের ভ্রূণ। গাড়ি থেকে কারওয়ান বাজারে নেমে খাম খুলে দেখল সেখানে ২৫টি লালচে রঙের চকচকে নোট। ছোট্ট একটা কাগজে লেখা,"পারলে এটা দিয়ে কিছু করো, এ পথ ছেড়ে দাও।"

মানুষ কেন এত ভালো হয়! একটা রেস্টুরেন্টে ঢুকে নান আর গিলা-কলিজা খেয়ে সোজা চলে গেল তেজগাঁও রেল লাইলসংলগ্ন বস্তিতে। সেখানে ওর মায়ের দূরসম্পর্কের এক বোন থাকে, নার্গিস খালা। নার্গিস খালা রেললাইনের পাশে বসে বাবা, গাঁজা আর পাতা বিক্রি করে। পাতা মানে হেরোইন। খালা জানাল, তার কাছে থাকতে হলে এসবই করতে হবে। খালা মাল দেবে, আমেনাকে বেচতে হবে। রাজি না হয়ে উপায় ছিল না আমেনার। বেঁচে থাকতে হলে এ ছাড়া আর কীই-বা করার আছে ওর? মাস দুই পর যখন নাইমের অস্তিত্ব টের পেল, তখন খালাকে বলল এক রিকশাওয়ালার সঙ্গে বিয়ে হয়েছিল আমেনার। অনেক মারত বলে ছেড়ে চলে এসেছে। মারের প্রমাণ হিসেবে দৌলদিয়ার পল্লির 'যূথীর মা' খালার মারের

দাগগুলো দেখিয়ে দিল। সবকিছুই ঠিকঠাক চলছিল, নাইমের জন্ম হলো। বিপত্তিটা বাঁধল যখন নার্গিস খালা আর তার কথিত স্বামী হাতকাটা আফজাল পুলিশের কাছে ধরা পড়ল। আফজাল মারা গেল কথিত বন্দুকযুদ্ধে আর নার্গিস খালার হলো তিন বছরের জেল। আমেনার মাদক ব্যবসা বন্ধ হয়ে গেল। নাইমকে নিয়ে বেঁচে থাকতে আবার আগের পেশায় নামতে হলো আমেনাকে। কখনো ফার্মগেট ওভারব্রিজের ওপর, কখনোবা সংসদ ভাবনের সামনে দাঁড়িয়ে যা আয় হচ্ছিল, তা দিয়ে বছর দুই মা-ছেলের চলে যাচ্ছিল। চূড়ান্ত বিপত্তিটা হলো যখন সরকার রেললাইনের দুই পাশের বস্তি ভেঙে গুঁড়িয়ে দিল। এখন কী করবে আমেনা? কোথায় যাবে? ছেলের বয়স চার। এত বড় ছেলে থাকতে ঘরে খদ্দের ওঠানোটাও মুশকিল। শুরু করল বাসায় বাসায় কাজ করা। সব বাড়ির সাহেবরা ওর সঙ্গে শুইতে চায়। আমেনাও শুইতে রাজি, কিন্তু তারা শুইতে চায় মাগনা। কেউ টাকা দিতে চায় না। তারপর বাসাবাড়ির কাজ ছেড়ে কাজ নিল মেসে। গায়ের রং ফরসা আর শরীরে মাংস থাকায় সেখানেও সবাই শুইতে চায়। তবে তারা অল্প কিছু হলেও টাকাপয়সা দিত। আরও বড় হতে থাকে নাইম। যখন নাইমের বয়স ছয়, তখন একদিন সে ওয়াজে শুনল যার সন্তান কোরআনের হাফেজ, তার জন্য দোজখের আগুন হারাম হয়ে যায়। একজন হাফেজ মোট পঞ্চাশজনকে জান্নাতে নিয়ে যেতে পারে। তখনই আমেনা সিদ্ধান্ত নেয়, সে ছেলেকে হাফেজি পড়াবে। ভর্তি করায় ঢাকার একটি হাফেজি মাদরাসায়। সেখান থেকে দিন পনেরো পর পালিয়ে এসে বলল সে আর মাদরাসায় যাবে না। এভাবে একে একে তিনটা মাদরাসা থেকে চলে এল। শেষে আমেনা সিদ্ধান্ত নেয় গ্রামে যাবে সে। তারপরচলে এল গ্রামের বাড়ি। নানাজনের নানা কথা সহ্য করে গ্রামে এসে হাঁস-মুরগি পালন শুরু করে। এনজিও থেকে সামান্য লোন নিয়ে আস্তে আস্তে হাঁস-মুরগির পাশাপাশি মাছ আর ছাগল চাষও শুরু করে। তারপর ছেলেকে ভর্তি করায় নওশাদ চৌধুরীর কওমি মাদরাসায়। নাইম যেভাবেই জন্ম নিক না কেন, দেখতে হয়েছে খুবই সুন্দর, সুশ্রী। টকটকে গায়ের রং, উন্নত স্বাস্থ্য। যখন আমেনা ছেলেকে মাদরাসায় ভর্তি করানোর সিদ্ধান্ত নিয়ে মেসের কাজ ছেড়ে গ্রামে যাবে বলে মেসে জানিয়েছিল, তখন এক ফালতু ছ্যামরা বলেছিল এত সুন্দর ছেলেটাকে মাদরাসায় পড়াবেন, সেখানকার হাফেজ-মাওলানারাতো ছেলেটার সঙ্গে আকাম-কুকাম করবে। মারাত্মক ফাজিল ছ্যামরা। নামাজ-রোজা তো কখনোই করত না, আরও ধর্ম নিয়া আজেবাজে কথা বলত। অবশ্য ওই ছ্যামরা ওর সঙ্গে কোনো দিনও খারাপ কিছু করতে চায়নি। আর যারা করেছে, তারা অবশ্য প্রত্যেক শুক্রবার পাঞ্জাবি পরে মাথায় টুপি দিয়ে বগলে জায়নামাজ নিয়ে জুমা পড়তে যেত। কিন্তু যত যা-ই হোক, আল্লাহ্‌র প্রিয় বান্দা কোরআনের হাফেজদের নিয়ে এমন নোংরা কথা বলার কারণে সে যে আসার সময় নাইমকে এক হাজার টাকা দিয়েছিল, তা-ও নেয়নি আমেনা।

কিন্তু আমেনা কোনোভাবেই বুঝতে পারছে না নাইম কেন মাদরাসায় টিকতে চায় না। প্রতি বৃহস্পতিবার মাদরাসা থেকে ফিরে মন খারাপ করে বসে থাকে আর বলে মাদরাসায় আর যাবে না।

ছেলে বাড়িতে আসা উপলক্ষে সাধ্যমতো ভালো-মন্দ রান্না করার চেষ্টা করে আমেনা। ছেলেকে আদর করে খাওয়াতে খাওয়াতে বলল, 'আমি যদি মরে যাই, তাহলে তোর ভালো লাগবে?' একথা শুনে মাকে জড়িয়ে ভেউ ভেউ করে কেঁদে দিল নাইম। ছেলেকে বুকে চেপে ধরে বলল, 'তাইলে তুই আমারে ক, তুই ক্যান মাদরাসায় যাইতে চাইসনা। এই দুই বছরে তোরে চাইর-চাইরটা মাদরাসায় ভর্তি করছি। তুই কুনু মাদরাসায় থাকতে চাইস না ক্যান, আমারে ক। যদি না কইস, তাইলে আমি গলায় দড়ি দিমু'। এ কথা শোনার পর নাইমের কান্নার গতি আরও বেড়ে গেল। বাঁধভাঙা কান্না। হিক্কা দিতে দিতে বলল খাওয়ার পর বলবে সে। রাতে শোয়ার পর নাইম আমেনাকে যা বলল, তা আমেনা কোনোভাবেই বিশ্বাস করে না। এমনকি নিজের চোখে দেখলেও বিশ্বাস করবে না। বুঝতে পারল ছেলে মাদরাসায় পড়বে না, এই কারণেই এমন কথা বানিয়ে বানিয়ে বলছে। মাদরাসার হাফেজ-মাওলানারা আমেনার কাছে সব সময়ই ফেরেশতাতুল্য। তাদের সম্পর্কে এমন নোংরা কথা নাইম বলে কী করে? আমেনা সিদ্ধান্ত নিল, এবার সে নিজে গিয়ে ছেলেকে মাদরাসায় দিয়ে আসবে। এই ছেলেকে নিশ্চয়ই বদ জিনে ধরছে। সাক্ষাৎ ইবলিশ শয়তানের হাত আছে এর পেছনে। ছেলেকে মাদরাসায় দিয়ে আসবে আর বলবে ছেলেকে যেন শিকল দিয়ে বেঁধে রাখে। আমেনা শুনেছে অনেক ছাত্রকে শিকল দিয়ে বেঁধে রাখা হয়। নাইমকেও শিকল দিয়ে বেঁধে রাখা উচিত বলে মনে হলো আমেনার। আর না হলে এই বদজিন ছাড়ানো যাবে না। কোরআনের হাফেজ হওয়া এত সহজ না। সে ছেলেকে কোরআনের হাফেজ বানাতে চায় জেনেই ইবলিশ আক্রমণ করেছে। যে করেই হোক, এই শয়তানের হাত থেকে নাইমকে বাঁচাতে হবে। আমেনার জীবনে আর কোনো আশা নেই, নেই কোনো স্বপ্ন। স্বপ্ন শুধু একটাই, সে ছেলেকে হাফেজ বানাবে। তা যে করেই হোক। তাতে যদি ছেলের একটু কষ্ট হয় হবে। আমেনা বোরকা পরে তার ওপর বড় একটা বড়সড় চওড়া ওড়না চাপিয়ে ছেলেকে নিয়ে রওনা দিল মাদরাসায়। এসে খুঁজে বের করল হাফেজ মাওলানা কবীর হুজুরকে। জিনের ওপর তার দখল এলাকা বিখ্যাত। সেই পারবে নাইমকে জিনমুক্ত করতে। এই বদ জিন ছাড়াতেই হবে, তা যে করেই হোক। নাহলে এই জিন ছেলেকে হাফেজ হতে দেবে না। সে কবীর হুজুরকে যতদূর সম্ভব বিষয়টি খুলে বলল। তারপর অতি কষ্টে জমানো দুই হাজার টাকা কবীর হুজুরের হাতে দিল জিন তাড়ানোর হাদিয়া হিসেবে হুজুর যেন নাইমের ওপর থেকে বদজিনের আসর কাটিয়ে একজন প্রকৃত হাফেজ বানিয়ে দেয়। আরও বলে এল কবীর হুজুর যেন নাইমকে তার খাস খেদমতদার বানিয়ে নেয়। দরকার হলে এমন হাদিয়া আমেনা আরও দেবে। সেই দিনই নাইমের পায়ে শিকল লাগল। কবীর মাওলানা নতুন খাদেম পাওয়ায় টগরের ওপর থেকে একটু চাপ কমল।

◆ ২৩ ◆

একদিন আসরের নামাজের পর মুহতামিমের মোবাইলে অপরিচিত একটা নাম্বার থেকে ফোন এল। ফোন ধরে সে সালাম দেওয়ার আগে ওপাশ থেকে সুললিত কণ্ঠে সহিহ্ শুদ্ধভাবে সালাম দিল একটি পুরুষ কণ্ঠ। সালামের জবাব দিয়ে মুহতামিম জানতে চাইল কে। ওপাশ থেকে বলল, 'বড় হুজুর, আমি বদি, বদিউজ্জামান'। নামটা শোনার সঙ্গেসঙ্গে একটা ভিন্নরকম শিহরণ খেলে গেল মুহতামিমের শরীরজুড়ে। তার কান মোবারক গরম হয়ে গেল, নিম্নাঙ্গ মোবারক শক্ত হতে শুরু করল, পায়ুপথ মোবারক কেমন কেমন করতে লাগল। বদিউজ্জামান তার এক পুরাতন ছাত্র। এখন থেকে বারো বছর আগে সে এখানে পড়ত। আহা রে বদিউজ্জামান! তাকে নিয়ে কত স্মৃতি! কত কত ভাবনা রয়েছে, তা শুধু মুহতামিম একাই জানত না, অনেকেই জানত। বদি যখন এখানে পড়ত, তখন তার বয়স ১৫-১৬। টকটকে ফরসা, মাথাভর্তি কোঁকড়া চুল, লাল দুটো ঠোঁট। সবচেয়ে চমৎকার ছিল ওর ঢলঢলে নিতম্বখানা। ভরাট স্বাস্থ্যের বদি যখন মুহতামিমের সামনে দিয়ে হেঁটে যেত, তখন সে গরম হয়ে যেত। বদি পড়াশোনায় খুব একটা ভালো ছিল না। মুহতামিমের দিকে তাকিয়ে সব সময় কেমন একটু মুচকি হাসত। ভবিষ্যতে প্রেমে পড়ার সম্ভাবনা আছে, এমন ছেলেমেয়ে একজন অন্যজনের দিকে তাকিয়ে যেমন করে হাসে, বদিও তেমনি করে হাসত। বদিকে প্রথম যেদিন তার খেদমতে ডেকেছিল, সেদিনই মুহতামিম বুঝেছিল এ পাকা খেলোয়াড়। বদি নিজেই উঠে যেত মুহতামিমের ওপর। প্রথম দিন মুহতামিমের হয়ে যাওয়ার পর বদি মুহতামিমের কান মোবারকে আলতো করে কামড় দিয়ে বলেছিল, 'আমি একটু করব'। শুনে যেন আকাশের চাঁদ হাতে পেল মুহতামিম। কতদিন নেয় না! তার নিজের মাদরাসা ছেড়ে আসার পর ওভাবে আরাম করে কখনো নিতে পারেনি। সেদিন উপুড় হয়ে, চিত হয়ে, কাত হয়ে, দাঁড়িয়ে একজন অন্যজনকে খেদমত করেছিল। মুহতামিমের মনে হতো একে-অন্যের জামাই-বউ। এরপর থেকে মুহতামিম অন্য শিশুদের খেদমত নিলে বদি কান্নাকাটি পর্যন্ত করত। আবার বদিউজ্জামান অন্য কোনো ছাত্রের পাশ ঘেঁষে বসলেও মুহতামিমের কলিজার মধ্যে খোঁচা লাগত। এমন সঙ্গী মুহতামিম সারা জীবনেও পায়নি। বদিউজ্জামান হাত কেটে মুহতামিমের নামের অদ্যক্ষর লিখল। দুজন দুজনকে কথা দিয়েছিল, এ জীবনে কেউ আর অন্য কোনো পুরুষের দিকে তাকাবে না। কিন্তু বিষয়টি একসময় মাদরাসার ছাত্ররা টের পেয়ে গেল। তারা বদিউজ্জামানকে ঠারেঠোরে নানা কথা বললেও মুহতামিমকে কারও কিছু বলার সাহস ছিল না। বড় হুজুর বলে কথা। তারা আড়ালে-আবডালে ওদের স্বামী-স্ত্রী বলা শুরু করল। ওয়াদা ভঙ্গ করে নিজাম নামের এক কিশোরের প্রতি ঝুঁকে পড়ে মুহতামিম। একদিন স্বয়ং বদিউজ্জামানের হাতে ধরা পড়ে যায় দুজন। আর সেটাই কাল হলো। তিনদিন পর্যন্ত ভাত খেলো না বদি। সে কী অভিমান! সেই অভিমান রূপ নিল জিঘাংসায়। নিজামের সঙ্গে প্রায়ই ঝগড়া-মারামারি লাগত বদির। আল্লাহ্‌র

জমিনে দ্বীন প্রতিষ্ঠার উদ্দেশ্যে জিহাদি ওস্তাদের কাছে অনেকের সঙ্গে প্রশিক্ষণ নিত বদিও। খালি হাতে মল্লযুদ্ধ, ছুরি-চাপাতি চালানোয় সে ছিল ওস্তাদদের সমকক্ষ। সেই বিদ্যা একদিন প্রয়োগ করল নিজামের ওপর। এক গরমের রাতে মাদরাসার বারান্দায় ঘুমন্ত নিজামকে জবাই করে ধড় থেকে মাথা আলাদা করে রাতের আঁধারে পালিয়ে যায় বদি। বাইরের সবাই বলতে লাগল দুই ছাত্রের দ্বন্দ্ব থেকে এই খুন। কিন্তু মাদরাসার অনেকে বিষয়টি আন্দাজ করতে পারলেও বাইরে কাউকে কিছু বলেনি কেউ। বদি যে গেল আর কোনো খোঁজ পেল না পুলিশ। আজ এক যুগ পর ফোন করল মুহতামিমকে। ফোনটা নিয়ে একটু দূরে গেল মুহতামিম, 'বদিউজ্জামান! আমার ময়না পাখি, আমার কুটকুটি সোনা, এত বছর পর! কোথায় তুমি? কেমন আছ?' দীর্ঘ এক ঘণ্টা কথা হলো দুজনের। সবকিছু জানাল সে মুহতামিমকে। তবে কিছু রেখে কিছু ঢেকে। বদি ছিল মিথ্যার রাজা। অত্যন্ত সুন্দর চেহারা ও অভিনয়ে পারদর্শী বদি তার ধূর্ততাকে কাজে লাগাল। চট্টগ্রামের পাঁচলাইশে একটি মসজিদে গিয়ে বলল সে একজন নওমুসলিম। মুসলমান হওয়ার পর তার পরিবার তাকে খুন করার জন্য হন্যে হয়ে খুঁজছে। ব্যস, আকাশের চাঁদ পেল তারা। সুন্দর চেহারা আর নওমুসলিম পরিচয় দেওয়ার কারণে তার প্রতি দাক্ষিণ্য দেখাল অনেকেই। কেউ কেউ তাকে সন্তান হিসেবে লালন-পালন করতে চাইল। হলোও তাই। বদিকে দ্বীনের শিক্ষা দিয়ে একজন খাঁটি দ্বীনদার ইসলামের সেবক বানানোটা হয়ে উঠল তাদের ইমানি দায়িত্ব। বদিকে ভর্তি করিয়ে দিল একটি হাফেজি মাদরাসায়। সেখান থেকে বদি হেফজ শেষ করেছে। এরপর একে একে দাওরায়ে হাদিস পাস করে শেষতক হয়েছে মুফতি। শেষে চাকরিও হলো একটি কওমি মাদরাসায়। কিন্তু কথায় বলে না, খাসলত যায়না ধুইলে, ইল্লত যায়না মইলে। বদি সেখানে এক ছাত্রকে ধর্ষণ করতে গিয়ে হাতেনাতে ধরা পড়ল। এলাকাবাসী তাকে ধরে দিল গণপিটুনি। ছেঁড়া জুতার মালা গলায় দিয়ে বের করে দিল এলাকা থেকে। সে গিয়ে ঠাঁই নিল কক্সবাজারে এক সহপাঠীর কাছে। সে-ও একটি মাদরাসার শিক্ষক। কিন্তু বদিকে শিক্ষক হিসেবে চাকরি আর দিতে পারল না। সেই বন্ধুর কাছেই খোঁজ পায় ইয়াবা ব্যবসার। একটু ঝুঁকিপূর্ণ ব্যবসা হলেও এখানে একেবারেই কাঁচা টাকা বুঝতে পারল বদি। মাদরাসায় নিয়মিত পায়ুচর্চার ফলে সহজগম্য পায়ুপথ সে কাজে লাগাল ইয়াবা পাচারের কাজে। কিন্তু বদি এখন আবার ফিরতে চায় মুহতামিমের কাছে, তার পুরোনো মাদরাসায়। বদি মুহতামিমকে অভয় দিয়ে বলে তাকে দেখলে আর কেউ চিনতে পারবে না। আর বদির নামও এখন আর বদি নেই। পাঁচলাইশের মসজিদ থেকে তার নাম হয় মোহাম্মদ ওমর আলী। অর্থাৎ সে এখন হাফেজ মাওলানা মুফতি মোহাম্মদ ওমর আলী।

সেইদিন বাদ মাগরিব নওশাদ চৌধুরীকে মুহতামিম জানাল, দিন দিন হাদিসখানার ছাত্রের পরিমাণ বাড়ছে। এখন একজন মুফতি নিয়োগ না দিলেই নয়। আর মুফতি নিয়োগ দিলে আরও নতুন ছাত্র পাওয়া যাবে। নতুন ছাত্র মানে আয়ের নতুন উৎস। সম্মতি দিল নওশাদ চৌধুরী। তবে এখনই খুব একটা বেতন দিতে পারবে না। কম বেতনে কোনো মুফতি আছে কিনা, জানতে চায় নওশাদ চৌধুরী। তাকে অভয় দেয় মুহতামিম। সে রাজি থাকলে অল্প বেতনে ভালো মুফতি সে জোগাড় করে ফেলবে। নওশাদ চৌধুরীর কাছ থেকে বিদায় নিয়ে

বের হয়েই বদিউজ্জামান ওরফে মোহাম্মদ ওমর আলীকে ফোন করল মুহতামিম। জানাল, সে চাইলে যে কোনো সময় চলে আসতে পারে। এদিকে সব ব্যবস্থা করে ফেলেছে মুহতামিম। সবকিছু গোছগাছ করতে তিন-চারদিন সময় লাগবে বদির। এরপরই রওনা দেবে বলে মুহতামিমকে জানাল সে। কিন্তু মুহতামিমের যেন আর তর সইছিল না। গুহ্যদ্বার মোবারক যেন কেমন কেমন করছিল। পরদিন হাদিসখানায় জানিয়ে দিল, তাদের জন্য একজন অত্যন্ত ভালো মানের মুফতি ওস্তাদ আসছে।

◆ ২৪ ◆

দিন চারেক পর বদি জানাল, তার যা গোছানোর ছিল, তা গোছানো হয়ে গেছে। আগামীকাল সে রওনা দেবে। তার সঙ্গে ভারী ভারী বেশ কয়েকটি ব্যাগ থাকবে। মুহতামিম যেন কয়েকজন ছাত্রসহ বাসস্ট্যান্ডে উপস্থিত থাকে। মুহতামিম তাকে এসব নিয়ে চিন্তা না করতে বলেদিল। সে অবশ্যই থাকবে এবং তাকে নিয়ে আসবে। পাঁচ দিন পর ঢাকা থেকে আসা বাসটি থেকে যে নামল, তাকে দেখে সবাই বেশ চমকে গেল। প্রায় ছয়ফুট লম্বা, অত্যন্ত বলশালী এক ত্রিশের কোঠার মস্ত মাওলানা, যার বুক পর্যন্ত একটু কোঁকড়ানো ঘন কৃষ্ণ দাড়ি মোবারক, ঘাড় পর্যন্ত কোঁকড়ানো চুল, টাকনু অবধি ধবধবে সাদা পাঞ্জাবি, যাতে লাগানো আছে সোনালি বোতাম, মাথার পাগড়ি নেমে গেছে পিঠ পর্যন্ত। দুধে আলাতা গায়ের বরণ তার। গা থেকে আসছে অদ্ভুত সুন্দর সুগন্ধ। সে দেখতে সৌদির যেকোনো প্রিন্সের চেয়ে সুন্দর। তার রাজসিক প্রবেশে চমকে গেল পুরো এলাকা। আর কেউ চিনতে না পারলেও বদিকে চিনতে একটুও অসুবিধা হয়নি মুহতামিমের। সেই হাসি, সেই ঠোঁট!

বারো বছর পর সে পা রাখল তার পুরোনো মাদরাসায়। এই বারো বছরে তার যেমন পরিবর্তন হয়েছে, তেমনি পরিবর্তন হয়েছে মাদরাসারও। মুহতামিমের ঘরের পাশেই তার জন্য স্পেশাল ঘর ঠিক করে রেখেছে মুহতামিম। সেই সঙ্গে ঠিক করে রেখেছে চার-চারজন খাদেম, যাদের সবার বয়স বারোর মধ্যে। এই হাফেজ মাওলানা মুফতি মোহাম্মদ ওমর আলীকে দেখে কারোরই বোঝার উপায় নেই এই সেই বদি, যে তার ওস্তাদের সঙ্গে প্রেমের সম্পর্কের জের ধরে একজনকে জবাই করে ধড় থেকে মাথা আলাদা করে ফেলেছিল। তার কথায় চিটগংয়ের টান অত্যন্ত স্পষ্ট। দুপুরে তার জন্য স্পেশাল খানাপিনার আয়োজন ছিল নওশাদ চৌধুরীর বাড়িতে। সেখানে দাওয়াত ছিল কমিটির অন্য সদস্যদেরও। খাওয়াদাওয়া শেষে বেশ কিছু সময় ধরে আলাপ-পরিচয় হলো কমিটির সবার সঙ্গে। বদির আচার-আচরণে সবাই বেশ মুগ্ধ। সবাই জানল, বদির বাড়ি চট্টগ্রামে। এরপর ফিরে এল মাদরাসায়। এসেই মুহতামিমের রুমে ঢুকে সঙ্গে সঙ্গে দরজা লাগিয়ে দিল। এরপর ঝাঁপিয়ে পড়ল একজন অন্যজনের ওপর। বেশ কিছু সময় শুধু চকাস চকাস শব্দই আসতে থাকল। তারপর চাটাচাটি, চোষাচুষি আর কামড়াকামড়িতে অন্ধকার। দুজনেই যেন দুজনের জন্য তৃষিত কাকের ন্যায় অপেক্ষায় ছিল। ওমর আলী যেন আগের চেয়ে একটু বেশিই আনন্দ দিল মুহতামিমকে। ঝড় থেমে যাওয়ার পর একজন অন্যজনকে জড়িয়ে থাকল বেশ কিছু সময়। এরপর বাথরুমে গিয়ে দুজন একসঙ্গে ফরজ গোসল সারল। তারপর পাশাপাশি শুয়ে দুজন অনেক সুখ-দুঃখের কথা বলল। মাদরাসায় ঘটে যাওয়া অনেক ঘটনা-দুর্ঘটনা অনেক কিছু। সব শেষে বলল নওশাদ চৌধুরী মাহফিলের টাকা নিয়ে সবারসঙ্গে কী প্রতারণাটা করেছে। সে কথা শোনার সঙ্গেসঙ্গে শোয়া থেকে উঠে বসে বদিউজ্জামান ওরফে ওমর আলী বলল,

'ওস্তাদ, আপনার জন্য কিছু উপহার আনছি'। ওস্তাদ বলার সঙ্গে সঙ্গে মুহতামিম ওমর আলীর মুখ চেপে ধরে বলল, 'তুমি আমাকে সবার সামনে ওস্তাদ ডাকবা না। তুমি আমার ছাত্র তা তো আর এখানকার কেউ জানে না'।

ওমর আলী তার রুম থেকে দুটি ভারী ভারী ব্যাগ নিয়ে এল। দেখে মুহতামিম বলল, 'এই দুইটা ব্যাগ ভরা আমার জন্য উপহার?' জবাবে ওমর আলী বলল, 'দেখতে থাকেন খালি'। প্রথম ব্যাগটা খুলে ওমর আলী একের পর এক ভারী ভারী বিশাল সাইজের কোরআন শরিফ বের করতে থাকল। দেখে মুহতামিম বলল, এতগুলো কোরআন মজিদ কেন?

– বলছি না দেখতে থাকেন খালি।

